



তথ্য বিবরণী

নম্বর-১৪

## মানব সেবা বড় ধর্ম ---খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১৬ শ্রাবণ (৩১ জুলাই) :

বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশে মাঝে মাঝে উগ্রপন্থীরা এ চেতনাকে ভুলানোর চেষ্টা করে দেশ ও সমাজকে বিতর্কিত করতে চায়। তাদের থেকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

তিনি আজ দুপুরে সাপাহার উপজেলার কলমুডাঙ্গা দারুল উলুম সালাফিয়াহ মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত শুকরিয়া সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

মদিনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাথে কলমুডাঙ্গা দারুল উলুম সালাফিয়াহ মাদরাসার স্কলারশিপ নিবন্ধন প্রাপ্তি উপলক্ষে এ শুকরিয়া সমাবেশের আয়োজন করা হয়।

সাধন চন্দ্র মজুমদার বলেন, বঙ্গবন্ধুর ন্যায় শেখ হাসিনাও মানুষকে ভালবাসেন। মানুষের কল্যাণে সকলকে কাজ করার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, মানব সেবা বড় ধর্ম; সেবার মাধ্যমে মানুষের কাছে পৌঁছাতে হবে।

তিনি বলেন, মদিনা সনদ আমাদের সহিষ্ণুতার শিক্ষা দেয়। সন্ত্রাসমুক্ত সমাজ গড়তে আমাদের সহিষ্ণু আচরণ করতে হবে। অনেকেই ঘোলা পানিতে মাছ শিকারে ব্যস্ত থাকে, সমাজকে বিশৃঙ্খল করতে চায়। শান্তিপূর্ণ অবস্থান নিশ্চিত করে তাদেরকে মোকাবিলার আহ্বান জানান মন্ত্রী।

ইউক্রেন-রাশিয়ার যুদ্ধের কারণে সারা বিশ্বেই সংকট চলছে। বাংলাদেশেও সমস্যা তৈরি হতে পারে, লোডশেডিং হতে পারে। জনগণকে ধৈর্যধারণ করে পরিস্থিতি সামাল দিতে হবে একই সাথে বিদ্যুৎ ও পানি ব্যবহারে সশ্রয়ী হতে বলেন তিনি।

সাধন চন্দ্র মজুমদার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে বহু ধর্মীয় প্রতিষ্ঠান বিশেষ করে মসজিদ মাদ্রাসা নির্মাণ করেছেন। মাদ্রাসা এমপিওভুক্ত করেছেন। সকল ধর্মেরই উন্নয়ন করেছেন তিনি। ঘরে ঘরে বিদ্যুৎ দিয়েছেন, ডিজিটাল বাংলাদেশ করেছেন, সামাজিক নিরাপত্তার আওতা বাড়িয়েছেন। উন্নয়নের হোঁয়া তিনি গ্রামেগঞ্জে পৌঁছে দিয়েছেন।

কলমুডাঙ্গা দারুল উলুম সালাফিয়াহ মাদ্রাসার সভাপতি ডক্টর গোলাম মর্তুজার সভাপতিত্বে শুকরিয়া সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ঢাকা-১১ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ জমঈয়তে আহলে হাদিসের প্রধান উপদেষ্টা একেএম রহমতুল্লাহ। অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ জমঈয়তে আহলে হাদিস এর সভাপতি ড. আব্দুল্লাহ ফারুক সালাফি, বিশেষ আলোচক ছিলেন শায়খ মাহবুবুর রহমান মাদানী।

সাপাহার উপজেলা চেয়ারম্যান সাহজাহান চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার আবদুল্লাহ আল মামুন ও সাপাহার উপজেলা আওয়ামীলীগের সভাপতি শামসুল আলম চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৫:০০ ঘ.